গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কবিরহাট, নোয়াখালী
www.kabirhat.noakhali.gov.bd

# অস্থায়ী গবাদি প্রাণীর বাজার স্থাপনের নিমিত্তে ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

আসন্ন ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষ্যে নোয়াখালী জেলার কবিরহাট উপজেলাধীন নিম্নবর্ণিত স্থানে অস্থায়ীভাবে গবাদি পশুর বাজার অনুষ্ঠিত হবে। উক্ত বাজারসমূহ হতে সরকার নির্ধারিত হারে টোল আদায়ের জন্য ইজারা দেয়ার উদ্দেশ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্ত মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে।

২। অস্থায়ীভাবে গবাদী পশুর বাজার সমূহের তালিকা, সংশ্লিষ্ট ইউনিয়নের নাম এবং সিডিউল মূল্য নিম্নরূপঃ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাটবাজারের নাম | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | ০১নং নরোত্তমপুর | করমবক্স বাজার | ৫০০/- |
| ০২ | | ফরাজি বাজার | ৫০০/- |
| ০৩ | | ইতালী মার্কেট | ৫০০/- |
| ০৪ | | কালির বাজার | ৫০০/- |
| ০৫ | ২নং সুন্দলপুর ইউনিয়ন | আবদুল্যাহ মিয়ার হাট | ৫০০/- |
| ০৬ | ০৩ নং ধানসিঁড়ি | মুকবুল চৌধুরির হাট( জগদানন্দ বাজার) | ৫০০/- |
| ০৭ | | নলুয়া ভূইঁয়ারহাট | ৫০০/- |
| ০৮ | | জনতা বাজার(লেংগার দোকান) | ৫০০/- |
| ০৯ | | নুর মিয়া ব্যাপারি বাজার | ৫০০/- |
| ১০ | | নলুয়া রেহান আলী চৌধুরীর হাট | ৫০০/- |
| ১১ | ০৪ নং ঘোষবাগ | লেদু কোম্পানির হাট | ৫০০/- |
| ১২ | | হালিমের দোকানের মোকাম | ৫০০/- |
| ১৩ | | চর আলগী বাজার | ৫০০/- |
| ১৪ | | পন্ডিতের হাট | ৫০০/- |
| ১৫ | ০৫ নং চাপরাশিরহাট | হানিফ মিয়ার দরজা (হানু মিয়ার দরজা) | ৫০০/- |
| ১৬ | ০৬ নং ধানশালিক | তাকিয়া বাজার | ৫০০/- |
| ১৭ | | চরমন্ডলিয়া বাজার | ৫০০/- |
| ১৮ | | ধানশালিক বাজার | ৫০০/- |
| ১৯ | | চরগুল্লাখালী জনতা বাজার | ৫০০/- |
| ২০ | ০৭ নং বাটইয়া | ভূইঁয়ারহাট | ৫০০/- |
| ২১ | | ওটারহাট | ৫০০/- |

৩। <u>সিডিউল প্রাপ্তির স্থান</u> ঃ (ক)জেলা প্রশাসক, নোয়াখালী এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কবিরহাট, নোয়াখালী

৪। <u>সিডিউল দাখিল/জমা দেয়ার স্থান</u> ঃ (ক) জেলা প্রশাসক, নোয়াখালী এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কবিরহাট, নোয়াখালী এর কার্যালয়।

০৫। সিডিউল ক্রয়, সিডিউল দাখিল ও খোলার সময়সূচী ঃ

| পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম ডাক (এক ডাক) | ১৯-০৬-২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২০-০৬-২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২০-০৬-২০২৩ খ্রি. অপরাহ্ন ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কবিরহাট, নোয়াখালী। |

**<u>শর্তাবলী ঃ</u>**

১। অনুমোদিত বাজারের নাম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে।

.। দরপত্র দাতাকে দরপত্রের সহিত উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট, নোয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা অস্থায়ী বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে এবং ব্যবহৃত টাকা জামাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহিত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ১ (এক) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একইসংগে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত বলিয়া গণ্য হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর অনুমোদিত না হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

CamScanner

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ঠভাবে উল্লেখ করতে হবে।
৭। সরকারের অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।
৮। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।
৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।
১০। ইজারার স্হান ব্যবহারকালে জনবসতি, পার্শ্ববর্তী সড়ক ও যোগাযোগ ব্যবস্হায় কোনরূপ ভোগান্তি না হয় সেরূপ ব্যবস্হা গ্রহণ করতে হবে।
১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।
১২। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৩। পশু ক্রয়/বিক্রয়ের জন্য ইজারার মেয়াদ ঈদের পূর্বে ০১ (এক) দিন। ইজারাদার নিজ খরচে বাজারের স্বাস্থ্য সম্মত উপায়ে পরিষ্কার পরিচ্ছন্ন করবেন এবং এ সমস্ত কাজ নিজ ব্যয়ে সম্পন্ন করবেন।
১৪। শিক্ষা প্রতিস্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে ইত্যাদি জনগুরুত্বর্পূণ স্হানে পশুর হাট বসানো যাবে না।
১৫।কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০৬/২০২৩

ফাতিমা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কবিরহাট, নোয়াখালী

স্মারক নং -০৫.৪২.৭৫৪৭.০৩১.০১.০০৫.২৩-৩৭২

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩০
১৫জুন, ২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।
০১। জেলা প্রশাসক, নোয়াখালী
০২। উপপরিচালক, স্হানীয় সরকার, নোয়াখালী
০৩।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কবিরহাট, নোয়াখালী
০৪। সহকারী কমিশনার (ভূমি), কবিরহাট, নোয়াখালী
০৫। চেয়ারম্যান, ....... নং ..............................ইউনিয়ন পরিষদ, কবিরহাট, নোয়াখালী । তাঁর এলাকাধীন বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ সহকারে বিজ্ঞপ্তির ৫(পাঁচ) কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।
০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................ ইউনিয়ন ভূমি অফিস, কবিরহাট, নোয়াখালী। তাঁর এলাকাধীন বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারক্রমে জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৭ । অফিস কপি

১৫/০৬/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
কবিরহাট, নোয়াখালী

CamScanner